গাংনীতে স্কুল ভ্যান উল্টে ১০ শিক্ষার্থী আহত

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে একটি দ্রুতগতির মোটরসাইকেলের ধাক্কায় স্কুল ভ্যান উল্টে ১০ শিক্ষার্থী আহত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টার দিকে গাংনী-কাথুলি সড়কের ভাটপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আহত সকলেই গাংনী সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। তারা স্কুলে যাওয়ার পথে এ দুর্ঘটনার শিকার হয়।

আহতরা হলেন, মাইলমারী গ্রামের সাইফ আলী, লাবিবা খাতুন, পরশ, রাব্বী হক, ফাহিম হোসেন, ফাইজা খাতুন, রিতু এবং ভ্যানচালক উজ্জ্বল হোসেন।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন ক্লিনিকে ভর্তি করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীতে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন উপলক্ষে গাংনীতে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বিকেলে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক

কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী থানার সেকেন্ড অফিসার উপপরিদর্শক (এসআই) আব্দুল গাফফার এবং গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা।

সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআও) মুনসুর আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হোসনে মোবারক, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী, জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান, বাঁশবাড়িয়া টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি জুলফিকার আলী কানন, গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু, গাংনী পৌর বিএনপির ২ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম এবং গাংনী ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক আতর আলী।

এছাড়াও সভায় প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান, জনপ্রতিনিধি, সাংস্কৃতিক কর্মী, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দসহ গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় গাংনীতে বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপনকে ঘিরে আড়ম্বরপূর্ণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়।

ইসরায়েলের গণহত্যার প্রতিবাদে গাংনীতে জামায়াতের বিক্ষোভ

মিছিল ও সমাবেশ

ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলের বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

সোমবার (৭ এপ্রিল) বাদ আছর গাংনী উপজেলা শহরে এই বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ সমাবেশে নেতৃত্ব দেন জামায়াতের গাংনী উপজেলা শাখার আমীর ডা. মোহাম্মদ রবিউল ইসলাম।

এসময় আরও উপস্থিত ছিলেন জেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য নাজমুল হুদা, জেলা সূরা ও কর্মপরিষদ সদস্য মাওলানা আব্দুল মজিদ, উপজেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, উপজেলা বায়তুল মাল সম্পাদক সামসুল হুদা, উপজেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মফিজুর রহমান, পৌর জামায়াতের সেক্রেটারি ওয়ায়েস কুরুনি জামিল, পৌর জামায়াতের বায়তুল মাল ও রাজনৈতিক সেক্রেটারি জিল্লুর রহমান এবং কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সাবেক ছাত্র নেতা মো. আলম হুসাইন।

সমাবেশে বক্তারা বলেন, গাজায় ইসরায়েলের গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নিরব। কোথায় মানবাধিকার সংস্থাগুলোর ভূমিকা? মুসলিম হিসেবে আমাদের লজ্জা লাগে যে, এই নির্যাতনের বিরুদ্ধে আমরা এখনও কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে পারিনি।

তারা আরও বলেন, এখন সময় এসেছে শক্তি সঞ্চয় করে ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ গড়ে তোলার। একইসাথে ইসরায়েলি পণ্য বর্জনের আহ্বান জানান বক্তারা।

ইসরায়েলের গণহত্যার প্রতিবাদে

গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলের চলমান বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মেহেরপুরের গাংনী উপজেলা শহরে বিশাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) দুপুরে ‘গাংনী উপজেলা ছাত্র সমাজ পরিবার’-এর ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মিছিলটি গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহরের বড়বাজারে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম, গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের সিনিয়র শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু, সাংবাদিক রাশিদুল ইসলাম বোরহান, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওন, স্থানীয় সমাজসেবক বশির আহমেদ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক আমির হামজা ও আব্দুল্লাহ প্রমুখ।

বক্তারা বলেন, গাজায় গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নিরব। মানবাধিকার কোথায়? আমাদের শক্তি সঞ্চয় করে প্রতিরোধ গড়ে তুলতে হবে। একজন মুসলিম হিসেবে লজ্জা লাগে যে, আমরা এখনও এই অমানবিক অন্যায়ের বিরুদ্ধে সক্রিয় হতে পারিনি।

তারা ইসরায়েলের সব ধরণের পণ্য বর্জনের জন্য ছাত্র-ছাত্রীসহ সকলের প্রতি আহ্বান জানান।

বিক্ষোভ মিছিলে গাংনী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী, শিক্ষক এবং সাংবাদিকরা উপস্থিত ছিলেন।
এছাড়াও মেহেরপুর শহর ও মুজিবনগরেও পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলার সর্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।

গাংনীতে সড়ক দূর্ঘটনায় মাছ ব্যবসায়ী নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কে মাছ বোঝাই আলগামন উল্টে মাছ ব্যবসায়ী জুয়েল রানা (২৮) নিহত হয়েছেন।

আজ শনিবার সকাল ৮ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার চোখতোলার মাঠ নামক স্থানে এই দূর্ঘটনা ঘটে।

নিহত জুয়েল রানা গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মিনহাজ উদ্দীনের ছেলে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ জানায়, জুয়েল রানা ছাতিয়ান গ্রাম থেকে মাছ নিয়ে গাংনী মাছ বাজারে বিক্রির উদ্যেশ্যে আসছিলেন। চোখতোলার মাঠ নামক স্থানে পৌঁছানো মাত্র আলগামনের একজেল ভেঙ্গে নিয়ন্ত্রণ হারিয়ে পার্শ্ববর্তী খাদে উল্টে যায়।

এসময় দূর্ঘটনা কবলিত আলগামনের নিচে চাপা পড়ে গুরুতর আহত হন। পরে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীতে পার্কে ঘোরানোর নাম করে নাতনিকে ধর্ষণের চেষ্টা, গণধোলাই শেষে পুলিশে সোপর্দ

ঈদে পার্কে ঘুরাতে যাওয়ার নাম করে পঞ্চম শ্রেনীর ছাত্রীকে ধর্ষণের চেষ্টার অপরাধে আসাদুজ্জামান নামের এক রাজমিস্ত্রিকে জনতা আটক করে গণধোলাই শেষে পুলিশে দিয়েছেন। এঘটনায় ভিকটিমকে উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ।

মেহেরপুরের গাংনী উপজেলার পিরতলা গ্রামের হুরমত তলার মাঠে এই ঘটনা ঘটে। অভিযুক্ত আসাদুজ্জামান পিরতলা গ্রামের আব্দুস সামাদের ছেলে। সে তার নানার বাড়ি একই উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে বসবাস করেন। ভিকটিম ওই ছাত্রীটি আসাদুজ্জামানের মেয়ে লিজার আপন জা’র মেয়ে।

আসাদুলের মেয়ে লিজা খাতুন জানান, আমার বিয়ে হয়েছে গাংনী উপজেলার খাস মথুরাপুর গ্রামের পশ্চিমপাড়াতে। ঈদ উপলক্ষে আমি ও আমার জা’র মেয়ে (ভিকটিম) বাবার বাড়িতে বেড়াতে এসেছি। আমার বাবা তাকে পার্কে ঘোরানোর জন্য মোটরসাইকেলে করে নিয়ে যায়। পরে লোকজনের কাছ থেকে শুনছি আমার বাবা মেয়েটিকে ধর্ষণের চেষ্টা চালিয়েছে। ঘটনাটি সত্যি হলে বাবার দৃষ্টান্তমুলক শাস্তির দাবী জানান তিনি।

স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, নাতি সম্পর্কের ভিকটিমকে পার্কে ঘোরানোর নাম করে নানা আসাদুল সন্ধ্যার পরপরই গ্রামের পাশেই হুরমত তলার মাঠ নামক স্থানে নিয়ে ধর্ষণের চেষ্টা চালায়। ভিকটিম এসময় কৌশলে দৌড়ে পালিয়ে গিয়ে স্থানীয় লোকজনকে জানায়।

এসময় লোকজন অভিযুক্ত আসাদুল ইসলামকে ধরে উত্তম মাধ্যম দেন। খবর পেয়ে স্থানীয় ভবানীপুর পুলিশ ক্যাম্পের একদল পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাকে জনতার রোশ থেকে উদ্ধার করে থানায় নেন। পরে ভিকটিমকে উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে নিজের দোষ স্বীকার করেছে বলে জানান ওসি বানী ইসরাইল।

এদিকে ঘটনার পরপরই মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম গাংনী থানায় এসে ভিকটিমের সাথে কথা বলেন। এছাড়া অভিযুক্তকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ করেন।

অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম জানান, এঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। ভিকটিমের সাথে কথা বলা হয়েছে। এছাড়া অভিযুক্তকেও প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

মেহেরপুরে ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে পবিত্র ঈদের নামাজ আদায়

এক মাস সিয়াম সাধনার পর ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মেহেরপুরে ঈদুল ফিতর উদযাপিত হয়েছে।

সোমবার মেহেরপুর জেলার প্রতিটি গ্রামে সকাল ৭টা ৩০ মিনিট থেকে ১০টা পর্যন্ত পৃথক পৃথক ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

এদিকে, ঈদগাহ কমিটি নিয়ে দ্বন্দ্বের জেরে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে গাংনী কেন্দ্রীয় ঈদগাহে ঈদের জামায়াত অনুষ্ঠিত হয়। ঈদগাহ কমিটি নিয়ে বেশ কয়েকদিন ধরে উত্তেজনা চলছিল। এ পরিস্থিতিতে রবিবার গাংনী উপজেলা প্রশাসন, পুলিশ, র্যাব ও সেনাবাহিনীর সমন্বয়ে কয়েক দফা মিটিং অনুষ্ঠিত হয়। মিটিংয়ে সিদ্ধান্ত হয় যে, ঈদের জামায়াতে কোনো স্থানীয় বিশিষ্ট মুসল্লি ঈদ শুভেচ্ছা বা বক্তব্য রাখতে পারবেন না। সে মোতাবেক জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদিও হাসান শামীম ঈদের জামায়াতের ইমামের খুতবার পর সংক্ষিপ্ত বক্তব্য দেন। এ সময় পুলিশ, র্যাব, সেনাবাহিনী ও জেলা প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে, গাংনীর আওয়ামী লীগের বিশিষ্ট নেতা হাজী মহা. মহসিন আলী গাংনী কেন্দ্রীয় ঈদগাহ কমিটির সভাপতির দায়িত্ব পালন করছিলেন। সম্প্রতি ওই কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ৬ মাসের জন্য অ্যাড-হক

কমিটি গঠন করা হয়েছে। এতে আহ্বায়ক নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. মো. রবিউল ইসলাম।

এদিকে, মেহেরপুর কেন্দ্রীয় ঈদগাহে সকাল ৮টায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হয়। এতে জেলার বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক নেতা, জনপ্রতিনিধি, জেলা প্রশাসনের কর্মকর্তাসহ ধর্মপ্রাণ মুসল্লিরা নামাজ আদায় করেন।

দ্বিতীয় প্রধান জামাত সকাল ৮টা ১৫ মিনিটে পুরাতন ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হয়। এছাড়া, সকাল ৮টা ৪৫ মিনিটে কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে কয়েক হাজার নারী ঈদের নামাজ আদায় করেন।

এছাড়া, গাংনী মডেল মসজিদ ও চৌগাছা ঈদগাহ ময়দানেও বড় ঈদের জামায়াত অনুষ্ঠিত হয়েছে।

নামাজ শেষে দেশ ও জাতির শান্তি কামনা এবং ফিলিস্তিনি মুসলমানদের জন্য বিশেষ মোনাজাত করা হয়।

গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষ, শিক্ষার্থী নিহত

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী (১৫) নামের এক শিক্ষার্থী নিহত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া–কচুইখালী সড়কে এই দুর্ঘটনা ঘটে।

জাভেদ আলী গাংনী উপজেলার কসবা গ্রামের শাহিন আলীর ছেলে।

স্থানীয়রা জানিয়েছেন, ভাটপাড়া ও কচুইখালির মধ্যবর্তী জায়গায় মোটরসাইকেল ও সাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী গুরুতর আহত হন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য

কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। সেখানেও তার অবস্থা আরও অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

ঢাকায় নেওয়ার পথে আজ সোমবার (৩১ মার্চ) ভোররাতে ঢাকার অদূরে তার মৃত্যু হয়।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানি ইসরাইল জানিয়েছেন, দুর্ঘটনার সংবাদ পেয়েছি। আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

মেহেরপুরে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগের ৪ নেতা গ্রেফতার

মেহেরপুরে গত ২৪ ঘণ্টায় বিশেষ অভিযান চালিয়ে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগের ২ নেতাসহ ৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের গাংনী উপজেলা শাখার যুগ্ম সাধারণ সম্পাদক ও চৌগাছা গ্রামের আনারুল ইসলাম শাহের ছেলে আশরাফুল ইসলাম ইন্টু (৩১), গাংনী উপজেলার গোপালনগর গ্রামের কামরুজ্জামানের ছেলে গাংনী উপজেলা ছাত্রলীগের উপ-স্কুল বিষয়ক সম্পাদক রেদানুর জামান (২০), গাংনী পৌরসভার ভিটাপাড়া এলাকার জালাল উদ্দিনের ছেলে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য আনোয়ার আহম্মেদ রমিন (২৮) এবং একই এলাকার আব্দুল খালেক দেওয়ানের ছেলে জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রচার সম্পাদক ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক কমিটির সদস্য রেজাউল করিম (২৮)।

এদের মধ্যে জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রচার সম্পাদক ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক কমিটির সদস্য রেজাউল করিমকে সদর থানা

পুলিশ গ্রেফতার করেছে। বাকি তিনজনকে গাংনী থানা পুলিশ গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, গ্রেফতারকৃতরা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের দায়ের করা মামলার এজাহারনামীয় আসামি।

শনিবার দিবাগত রাত থেকে রবিবার সকাল ১০টা পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

আজ রবিবার (৩০ মার্চ) দুপুরে গ্রেফতারকৃত ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতাদের আদালতে নেওয়া হলে বিজ্ঞ বিচারক তাদের জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।